

Times Today BD

আলী হায়দার | দেশজুড়ে | 10 April, 2025

কিশোরগঞ্জের ভৈরবে চকলেটের প্রলোভন দেখিয়ে সাড়ে ৪ বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগ ওঠেছে।

বুধবার (৯ এপ্রিল) সন্ধ্যায় উপজেলার শম্ভুপুর পাক্কার মাথা এলাকায় এ ঘটনা ঘটে। শিশুটির মা বিষয়টি বুঝতে পেয়ে বুধবার রাতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। এসময় কর্তব্যরত চিকিৎসক শিশুটির পরীক্ষা নিরীক্ষা শেষে ধর্ষণের শিকার হয়েছে বলে ধারণা করেন। তবে কে এই ধর্ষণ করেছে, সেটা বলতে পারছে না শিশুটির মা।

খবর পেয়ে পুলিশ রাতেই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে শিশুটিকে উদ্ধার করে কিশোরগঞ্জ সদর হাসপাতালে প্রেরণ করে। বিষয়টি নিশ্চিত করেন ভৈরব থানার উপ-পরিদর্শক কাজী রিপন সরকার।

এ বিষয়ে শিশুর মা জানান, তিনি পাক্কার মাথা এলাকার একটি রাবার ফ্যাক্টরীতে কাজ করেন। প্রতিদিনের মত সকালে মা রাবার ফ্যাক্টরীতে কাজে গেলে সন্ধ্যায় বাসায় ফিরেন। বাসায় এসে দেখেন শিশুটি চিৎকার করছে, তখনও বিষয়টি বুঝতে পারেনি। পরে রাতে শিশুটির চিৎকার ও রক্তক্ষরণ দেখে বিষয়টি বুঝতে পারি। তবে এ ঘটনা কে বা কারা ঘটিয়েছে তা বুঝতে পারছি না। শিশুও বলতে পারছে না।

ভৈরব উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মরত চিকিৎসক ডা: মেহেদী হাসান জানায়, বুধবার রাতে একটি বাচ্চা তার মা সাথে হাসপাতালে আসেন। তার মায়ের অভিযোগ তার মেয়েকে কেউ ধর্ষণ করেছে। আমরা ধর্ষণ হওয়া রোগী পাওয়ার পর সাথে সাথে পুলিশকে খবর দেই। পরে পুলিশ এসে মেয়ে বাচ্চাকে কিশোরগঞ্জ সদর হাসপাতালে নেওয়ার জন্য ব্যবস্থা করেন।

এ বিষয়ে ভৈরব থানার উপ-পরিদর্শক কাজী রিপন সরকার বলেন, শিশুটির মায়ের অভিযোগ তার সন্তানকে ধর্ষণ করা হয়েছে। পরে শিশুটিকে থানা পুলিশের সহায়তায় রাতেই কিশোরগঞ্জ সদর হাসপাতালে পরীক্ষা নিরীক্ষার জন্য পাঠানো হয়েছে। মায়ের অভিযোগের ভিত্তিতে ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। এখনো নিশ্চিত করে বলা যাচ্ছে না কে বা কারা এই ঘটনাটি ঘটিয়েছে। আমরা এ বিষয়ে তদন্ত করছি।

ধর্ষণ কিশোরগঞ্জ প্রলোভন